

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯৯০

৬. কুরবানী অধ্যায় (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ৩. কুরবানীতে যা জায়েয নয়

بَاب مَا لَا يَجُوزُ فِي الْأَضَاحِيّ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ شُرَيْحِ بْنِ النُّعْمَانِ الصَّائِدِيِّ عَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ أَمْرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نَسْتَشْرِفَ الْعَيْنَ وَالْأُذُنَ وَأَنْ لَا نُضَحِّيَ بِمُقَابَلَةٍ وَلَا مُدَابَرَةٍ وَلَا خَرْقَاءَ وَلَا شَرْقَاءَ فَلَا مُدَابَرَةٍ وَلَا خَرْقَاءَ وَلَا شَرْقَاء فَالْمُقَابَلَةُ مَا قُطِعَ طَرَفُ أَذُنِهَا وَالْمُدَابَرَةُ مَا قُطِعَ مِنْ جَانِبِ الْأُذُنِ وَالْخَرْقَاء الْمَثْقُوبَةُ وَالشَّرْقَاء الْمَشْقُوقَة أُ

বাংলা

১৯৯০. আলী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের আদেশ করেছেন, আমরা যেন (কুরবানী পশুর) চোখ ও কান ভালরূপে দেখে নেই। আর আমরা যেন এমন পশু কুরবানী না করি যা কানা, যার কানের একদিক কাটা, যার কানের গোড়া কাটা এবং ফাঁড়া কান ওয়ালা এবং কান উৎপাটিত। আর 'মুকাবালা' হল যে পশুর (সামনের দিকে) কানের এক পাশ কাটা, 'মুদাবারা' হল যে পশুর (পিছনের দিকে) কানের এক পাশ কাটা, 'খারকা' হল যে পশুর লম্বালম্বিভাবে কান ছেঁড়া।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর রাবীগণ বিশ্বস্ত। তবে বলা হয়ে থাকে যে, আবী ইসহাক শুরাইহ ইবনু নু'মানের নিকট কিছু শোনেন নি।

তাখরীজ: এটি পূর্বের হাদীসের পূনরাবৃত্তি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন